

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.১৪.০১৬.০৯- ৬৬৭০

তারিখঃ ২৬/০৫/২০২৪ খ্রিঃ।

বিষয় : দরপত্রদাতার অভিজ্ঞতার সনদ (Experience certificate) সঠিকভাবে যাচাই করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর মর্মানুসারে দরপত্রদাতা কর্তৃক দরপত্র দলিলে প্রদত্ত ক্রয় কার্যাদি সম্পাদন সম্পর্কিত অভিজ্ঞতার সনদ (Experience certificate) দরপত্র মূল্যায়ন কমিটির সঠিকভাবে যাচাই করার কথা থাকলেও ইদানীং প্রতীয়মান হচ্ছে যে, দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্রদাতার প্রদত্ত অভিজ্ঞতার সনদ (Experience certificate) ই-মেইল/সতর্কহীনভাবে যাচাই করা হচ্ছে। ফলশ্রুতিতে কাজ বাস্তবায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাইকৃত অভিজ্ঞতার সনদ (Experience certificate) জাল সনদ (Fake certificate) মর্মে প্রতীয়মান হচ্ছে যা স্পষ্টতই পেশাগত অসাদাচরণ।

এমতাবস্থায়, দরপত্র মূল্যায়ন কমিটির সকল সদস্যকে দরপত্রদাতার প্রদত্ত অভিজ্ঞতার সনদ (Experience certificate) সহ অন্যান্য সকল সংশ্লিষ্ট তথ্য সঠিকভাবে যাচাই করার জন্য নির্দেশ প্রদান করা হল অন্যথায় পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আইন, বিধি এবং দরপত্র দলিল অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।


(তুষার মোহন সাধু খাঁ)
প্রধান প্রকৌশলী

প্রাপকঃ- প্রকল্প পরিচালক (সকল)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)

নির্বাহী প্রকৌশলী (সকল)।

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০০১.১৪.০১৬.০৯- ৬৬৭০

তারিখঃ ২৬/০৫/২০২৪ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা/ পূর্ত/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।


(তুষার মোহন সাধু খাঁ)
প্রধান প্রকৌশলী